পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে
বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)
দ্বি-বার্ষিক নির্বাচন (২০১৯-২০২০)
নির্বাচন বোর্ডের দপ্তর
বাড়ী # ৮৮, ফ্ল্যাট # এ-১ (লেভেল-১), রোড # ৭/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
ফোন ঃ ০২-৯১৩৮৪৬২, ফ্যাক্স ঃ ০২-৯১৩৮৪৭৬ ই-মেইলঃ tanners@net2bd.com

তারিখ ঃ ১৮ নভেম্বর, ২০১৮

# বিটিএ-র দ্বি-বার্ষিক নির্বাচন ২০১৯-২০২০

## "তফসিল"

প্রিয় সদস্যবৃন্দ
السلام عليكم

এতদ্বারা আপনাদের সদয় অবগতি ও কার্যকরী পদক্ষেপ গ্রহণের নিমিত্তে বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর দ্বি-বার্ষিক নির্বাচন (**২০১৯-২০২০**) এর তফসিল নিম্নে প্রদান করা হল। উল্লেখ্য যে, বাণিজ্য সংগঠনের বিধিমালা ও বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর সংঘবিধি অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে।

১। **(ক) ভোট গ্রহণের তারিখ, সময় ও ভোট কেন্দ্রঃ-** বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর দ্বি-বার্ষিক নির্বাচন (২০১৯-২০২০) এর ভোট গ্রহণ আগামী **১৬ ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার**, সকাল ৯:০০ টা হতে বিরতিহীনভাবে বিকাল ৪:০০ টা পর্যন্ত **৫৩, শেরে-ই-বাংলা রোড, ঝিগাতলা, ট্যানারী মোড়, ঢাকা-১২০৯** এ অনুষ্ঠিত হবে।

**(খ) নির্বাচন বোর্ড ও আপীল বোর্ডের দপ্তরঃ** নির্বাচন বোর্ড ও আপীল বোর্ডের দপ্তর হিসেবে বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর কার্যালয়, **বাড়ী # ৮৮, ফ্ল্যাট # এ-১ (লেভেল-১), রোড # ৭/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯** ব্যবহৃত হবে এবং নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিজ্ঞপ্তি অত্র এসোসিয়েশনের নোটিশ বোর্ডে টানানো হবে।

**(গ) নির্বাচনী অফিস সময় সূচীঃ-** নির্বাচনী অফিস প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত চলবে। বেলা ১:০০ টা হতে বেলা ২:০০ টা পর্যন্ত নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি থাকবে।

২। **এসোসিয়েশনের বাৎসরিক বকেয়া চাঁদা পরিশোধের সর্বশেষ তারিখঃ-** আগামী **১৮ ডিসেম্বর, ২০১৮ মঙ্গলবার** অফিস চলাকালীন সময় বিকাল- ৫:০০ টার মধ্যে বিটিএ-এর সম্মানিত সদস্যগণকে ২০১৮ সাল পর্যন্ত বকেয়া সকল চাঁদা পরিশোধ করে মানি রিসিট সংগ্রহ করতে হবে। অন্যথায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না ও ভোট দিতে পারবেন না।

৩। **ভোটাধিকারের যোগ্যতাঃ-** যে সকল সম্মানিত সদস্য নির্বাচনে কার্যনির্বাহী পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং ভোটার হিসেবে নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করবেন তাদের ২০১৮ সাল পর্যন্ত এসোসিয়েশন এর বার্ষিক চাঁদা পরিশোধ থাকতে হবে। সম্মানিত সকল সদস্যগণকে নিজ নিজ প্রতিষ্ঠানের ২০১৮ সাল পর্যন্ত **হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি** ও **টিআইএন নম্বর** আগামী **১৮ ডিসেম্বর, ২০১৮ মঙ্গলবার** অথবা তৎপূর্বে জমা দিতে হবে। অন্যথায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না ও ভোট দিতে পারবেন না।

৪। **প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের তারিখঃ-** আগামী **২৭ ডিসেম্বর, ২০১৮ বৃহস্পতিবার** প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করা হবে এবং তা বিটিএ-র কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে।

৫। **প্রাথমিক ভোটার তালিকা সম্মানিত সদস্যগণের জন্য প্রদর্শনের সময়সীমাঃ-** প্রাথমিক ভোটার তালিকা **৩০ ডিসেম্বর, ২০১৮ রবিবার** পর্যন্ত প্রদর্শনের জন্য বিটিএ-র কার্যালয়ের নোটিশ বোর্ডে উন্মুক্ত থাকবে।

৬। **আপীল গ্রহণঃ-** প্রাথমিক ভোটার তালিকা সংক্রান্ত ব্যাপারে কোন আপত্তি থাকলে তা আগামী **২৭ ডিসেম্বর, ২০১৮ বৃহস্পতিবার** হতে **১ জানুয়ারী, ২০১৯ মঙ্গলবার** পর্যন্ত আপীল বোর্ডের নিকট সুনির্দিষ্ট অভিযোগসহ লিখিত আকারে উপস্থাপন করতে পারবেন।

৭। **আপীলের শুনানী ও সিদ্ধান্ত প্রদানঃ-** সংশ্লিষ্ট পক্ষসমূহের উপস্থিতিতে আপীলের শুনানী শেষে গৃহীত সিদ্ধান্ত আপীল বোর্ড **২ জানুয়ারী, ২০১৯ বুধবার** হতে **৪ জানুয়ারী, ২০১৯ শুক্রবারের** মধ্যে লিখিতভাবে নির্বাচন বোর্ডকে অবহিত করবেন।

৮। **চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশঃ-** আগামী **৭ জানুয়ারী, ২০১৯ সোমবার** বিকাল ৫:০০ টার মধ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে এবং তা বিটিএ-র কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে।

৯। **ভোটার পরিচিতি কার্ডঃ-** সুষ্ঠু ও নিরপেক্ষ ভোট প্রদানের স্বার্থে বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন কর্তৃক ইস্যুকৃত ভোটার পরিচিতি কার্ড সংগ্রহপূর্বক ভোট কেন্দ্রে আসতে হবে। পরিচয়পত্র ছাড়া ভোটাধিকার প্রয়োগ করা যাবে না। পরিচয় পত্রের জন্য আগামী **০৬ জানুয়ারী, ২০১৯ রবিবার** এর মধ্যে সম্মানিত ভোটারগণকে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সদ্যতোলা ছবি এবং পেছনে নিজের নাম ও প্রতিষ্ঠানের নাম সম্বলিত) নির্বাচন বোর্ডের কার্যালয়ে জমা দিতে হবে এবং আগামী **১৬ জানুয়ারী, ২০১৯ বুধবার** হতে **২২ জানুয়ারী, ২০১৯ মঙ্গলবার** এর মধ্যে বিটিএ-র কার্যালয় হতে সম্মানিত ভোটারগণকে স্ব-শরীরে উপস্থিত হয়ে এবং রেজিস্ট্রারে স্বাক্ষর করতঃ নিজ নিজ পরিচয়পত্র সংগ্রহ করতে হবে।

১০। **কার্যনির্বাহী কমিটির সদস্যঃ-** কার্যনির্বাহী কমিটির ১৬ (ষোল) জন সদস্য, সম্মানিত সদস্যদের প্রত্যক্ষ গোপন ভোটে (ব্যালটের মাধ্যমে) নির্বাচিত হবে। উল্লেখ্য যে, সংঘবিধি অনুযায়ী বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর বর্তমান মেম্বার ২ (দুই) প্রকার যথা ঃ- (ক) জেনারেল মেম্বার ও (খ) এসোসিয়েট মেম্বার।

(ক) জেনারেল মেম্বার হতে **১১** (এগারো) জন কার্যনির্বাহী কমিটির সদস্য পদে নির্বাচিত হবেন।

(খ) এসোসিয়েট মেম্বার হতে ৫ (পাঁচ) জন কার্যনির্বাহী কমিটির সদস্য পদে নির্বাচিত হবেন। উল্লেখ্য যে, সংঘবিধি অনুযায়ী উক্ত ৫ (পাঁচ) জন কার্যনির্বাহী কমিটির সদস্যগণের কেউ-ই চেয়ারম্যান, সিনিয়র ভাইস- চেয়ারম্যান, ভাইস- চেয়ারম্যান, জেনারেল সেক্রেটারী ও ট্রেজারার পদে প্রার্থী হতে পারবেন না।

(গ) **সংঘবিধির-অনুচ্ছেদ ১৯ এর উপানুচ্ছেদ এ**

(i) শুধুমাত্র জেনারেল মেম্বারগণ কর্তৃক সরাসরি ভোটে **১১** জন **কার্য নির্বাহী কমিটির সদস্য** নির্বাচিত হবে।

(ii) জেনারেল ও এসোসিয়েট উভয় মেম্বারগণের সরাসরি ভোটে এসোসিয়েট মেম্বারদের মধ্য হতে ৫ জন **কার্য নির্বাহী কমিটির সদস্য** নির্বাচিত হবে।

১১। **কার্যনির্বাহী কমিটির সদস্য পদে নমিনেশন ফিঃ-** "**কার্যনির্বাহী কমিটির সদস্য**" পদে প্রত্যেকের জন্য ১৫,০০০/= (পনের হাজার) টাকা ফি নির্ধারন করা হয়েছে যা অফেরতযোগ্য (নগদ/ পে-অর্ডারের মাধ্যমে) পরিশোধ করতে হবে।

১২। **নমিনেশন পেপার বিতরণ ও জমার তারিখঃ-** আগামী **৯ জানুয়ারী, ২০১৯ বুধবার** হতে **১২ জানুয়ারী, ২০১৯ শনিবার** পর্যন্ত নির্বাচনী অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর নির্বাচন বোর্ডের দপ্তর, **বাড়ী # ৮৮, ফ্ল্যাট # এ-১ (লেভেল-১), রোড # ৭/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯** হতে "**কার্যনির্বাহী কমিটির সদস্য**" পদে নমিনেশন পেপার বিতরণ ও গ্রহণ করা হবে (ফরম জমা দেওয়ার সময় নমিনেশন ফি এর রশিদসহ জমা দিতে হবে)।

১৩। **নমিনেশন পেপার বাছাইঃ-** আগামী **১৫ জানুয়ারী, ২০১৯ মঙ্গলবার** বিকাল ৫:০০ টার সময় প্রার্থী অথবা তার অনুমোদিত একজন প্রতিনিধি (যদি থাকে) এর উপস্থিতিতে কার্যনির্বাহী কমিটির সদস্য পদে নমিনেশন পেপার বাছাই করা হবে।

১৪। **বৈধ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ ঃ-** নমিনেশন পেপার বাছাই শেষে **১৬ জানুয়ারী, ২০১৯ বুধবার** বিকাল ৫:০০ টার মধ্যে কার্যনির্বাহী কমিটির সদস্য পদে বৈধ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে যা বিটিএ-র কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে।

১৫। **আপীল গ্রহণঃ-** কার্যনির্বাহী কমিটির সদস্য পদে বাতিলকৃত নমিনেশন পেপার সম্পর্কিত নির্বাচন আপীল বোর্ডে আপীল করার জন্য **১৬ জানুয়ারী, ২০১৯ বুধবার** হতে **১৮ জানুয়ারী, ২০১৯ শুক্রবার** বিকাল ৫:০০ টা পর্যন্ত সুযোগ থাকবে।

১৬। **আপীলের শুনানী ও রায় প্রদানঃ-** সংশ্লিষ্ট পক্ষসমূহের উপস্থিতিতে নির্বাচন আপীল বোর্ডের শুনানী শেষে গৃহীত সিদ্ধান্ত **২১ জানুয়ারী, ২০১৯ সোমবার** বিকাল ৫:০০ টার মধ্যে আপীল বোর্ড নির্বাচন বোর্ডকে অবহিত করবেন।

১৭। **আপীল নিস্পত্তির পর প্রার্থীদের তালিকা প্রকাশঃ-** আপীল নিস্পত্তির পরে নির্বাচন বোর্ড কার্যনির্বাহী কমিটির সদস্য পদে প্রার্থীদের তালিকা আগামী **২২ জানুয়ারী, ২০১৯ মঙ্গলবার** বিকাল ৫:০০ টার মধ্যে প্রকাশ করা হবে যা বিটিএ-র কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে।

বিটিএ-র দ্বি-বার্ষিক নির্বাচন (২০১৯-২০২০)

M. Saljahan.

১৮। **প্রার্থীতা প্রত্যাহারের তারিখঃ-** যে সকল প্রার্থী কার্যনির্বাহী কমিটির সদস্য পদে প্রার্থীতা প্রত্যাহার করতে ইচ্ছুক তারা আগামী **২৪ জানুয়ারী, ২০১৯ বৃহস্পতিবার** বিকাল ৫:০০ টার মধ্যে নির্বাচন বোর্ডের দপ্তরে প্রার্থীতা প্রত্যাহারের বিষয়ে লিখিত আবেদন জমা দিয়ে প্রার্থীর আবেদনের কপিতে অবশ্যই নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ করবেন।

১৯। **প্রার্থীদের চূড়ান্ত তালিকা ও ব্যালট নম্বর প্রকাশঃ- ২৭ জানুয়ারী, ২০১৯ রবিবার** কার্যনির্বাহী কমিটির সদস্য পদেপ্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে যা বিটিএর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে এবং একই দিনে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের ব্যালটের ক্রমিক নম্বর ও নাম প্রার্থীদের উপস্থিতিতে বিকাল ৫.০০ টার মধ্যে প্রকাশ করা হবে।

২০। **ভোট গ্রহণ ও ফলাফল ঘোষণাঃ- ১৬ ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার** কার্যনির্বাহী কমিটির সদস্য পদে ভোট গ্রহণ শেষে গণনাপূর্বক ফলাফল অনানুষ্ঠনিকভাবে ঘোষণা করা হবে এবং কার্যনির্বাহী কমিটির সদস্য পদে বিজয়ী **১৬** (ষোল) জনের নামের তালিকা বিটিএ কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে।

২১। **ফলাফল সংক্রান্ত আপীল গ্রহণঃ-** নির্বাচনের প্রকাশিত ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকলে উক্ত প্রার্থীর নির্বাচন আপীল বোর্ডের নিকট লিখিতভাবে আপত্তি দাখিলের জন্য **১৮ ফেব্রুয়ারী, ২০১৯ সোমবার** বিকাল ৫:০০ টা পর্যন্ত সুযোগ থাকবে।

২২। **আপীলের রায় ও চূড়ান্ত ফলাফল প্রকাশঃ-** নির্বাচনী ফলাফল সম্পর্কিত আপীল নিষ্পত্তি শেষে (যদি থাকে) আপীল বোর্ড **২২ ফেব্রুয়ারী, ২০১৯ শুক্রবার** সকাল ১০.০০ অথবা তৎপূর্বে সংশ্লিষ্ট পক্ষের উপস্থিতে শুনানী করত আপীল নিস্পত্তি শেষে সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে লিখিতভাবে অবহিত করবেন এবং নির্বাচন বোর্ড চূড়ান্ত ফলাফল প্রকাশ করবেন যা বিটিএ-র কার্যালয়ে নোটিশ বোর্ডে টানানো হবে।

২৩। **অফিস কর্মকর্তা নমিনেশন ফিঃ-** অফিস কর্মকর্তা পদের মনোনয়ন পত্র দাখিলের জন্য চেয়ারম্যান পদপ্রার্থীকে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা, সিনিয়র ভাইস-চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী প্রত্যেককে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, জেনারেল সেক্রেটারী পদপ্রার্থীকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা এবং ট্রেজারার পদপ্রার্থীকে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা অফেরতযোগ্য (নগদ/ পে-অর্ডারের মাধ্যমে) পরিশোধ করতে হবে।

২৪। **অফিস কর্মকর্তাপদে নমিনেশন পেপার বিতরণ ও জমার তারিখঃ** আগামী **২২ ফেব্রুয়ারী, ২০১৯ শুক্রবার** সকাল ১০:১৫ টা হতে দুপুর ১২.০০ টার মধ্যে নির্বাচন বোর্ডের দপ্তর, **বাড়ী # ৮৮, ফ্ল্যাট # এ-১ (লেভেল-১), রোড # ৭/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯** হতে নমিনেশন পেপার বিতরণ ও গ্রহণ করা হবে (ফরম জমা দেওয়ার সময় নমিনেশন ফি এর রশিদসহ জমা দিতে হবে)।

২৫। **অফিস কর্মকর্তাপদে নমিনেশন পেপার বাছাইঃ-** আগামী **২২ ফেব্রুয়ারী, ২০১৯ শুক্রবার** দুপুর ১২:১৫ টায় প্রার্থী অথবা তার অনুমোদিত একজন প্রতিনিধি (যদি থাকে) এর উপস্থিতিতে নমিনেশন পেপার বাছাই করা হবে।

২৬। **অফিস কর্মকর্তাপদে বৈধ প্রার্থীদের নামের তালিকা প্রকাশঃ-** নমিনেশন পেপার বাছাই শেষে **২২ ফেব্রুয়ারী, ২০১৯ শুক্রবার** দুপর ২:৩০ টায় বৈধ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে যা বিটিএ কার্যালয়ে নোটিশ বোর্ডে টানানো হবে।

২৭। **অফিস কর্মকর্তাপদে আপীল গ্রহণঃ-** বাতিলকৃত (যদি থাকে) নমিনেশন পেপার সম্পর্কিত বিষয়ে নির্বাচন আপীল বোর্ডে আপীল করার জন্য **২২ ফেব্রুয়ারী, ২০১৯ শুক্রবার** দুপুর ৩:০০ টা হতে দুপুর ৩:৩০ টা পর্যন্ত সুযোগ থাকবে।

২৮। **অফিস কর্মকর্তাপদে আপীলের শুনানী ও রায় প্রদানঃ-** আপীল (যদি থাকে) বিষয়ে নির্বাচন আপীল বোর্ডের শুনানী শেষে গৃহীত সিদ্ধান্ত **২২ ফেব্রুয়ারী, ২০১৯ শুক্রবার** বিকাল ৪:০০ টা হইতে বিকাল ৫:০০ টার মধ্যে আপীল বোর্ড নির্বাচন বোর্ডকে অবহিত করবেন।

২৯। **অফিস কর্মকর্তাপদে আপীল নিস্পত্তির পর প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশঃ-** আপীল নিস্পত্তির পর প্রার্থীদের চূড়ান্ত তালিকা আগামী **২৩ ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার** সকাল ১০:০০ টার মধ্যে প্রকাশ করা হবে যা বিটিএ-র কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে।

৩০। **অফিস কর্মকর্তাপদে প্রার্থীতা প্রত্যাহারের তারিখঃ-** যে সকল প্রার্থী প্রার্থীতা প্রত্যাহার করতে ইচ্ছুক তারা আগামী **২৩ ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার** সকাল ১১:০০ টার মধ্যে নির্বাচন বোর্ডের দপ্তরে প্রার্থীতা প্রত্যাহারের বিষয়ে লিখিত আবেদন জমা দিয়ে প্রার্থীর আবেদনের কপিতে অবশ্যই নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর গ্রহণ করবেন।

M. Shahjahan.

৩১। **অফিস কর্মকর্তাপদে প্রার্থীদের চূড়ান্ত তালিকা ও ব্যালট নম্বর প্রকাশঃ- ২৩ ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার** দুপুর ১২:০০ টায় প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে যা বিটিএ-র কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে এবং একই দিনে অফিস কর্মকর্তাপদে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের ব্যালটের ক্রমিক নম্বর ও নাম প্রার্থীদের উপস্থিতিতে (যদি থাকে) দুপুর ১২.৩০ টার মধ্যে প্রকাশ করা হবে।

৩২। **অফিস কর্মকর্তাপদে নির্বাচন ও ফলাফল প্রকাশঃ-** আগামী **২৩ ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার** দুপুর ২:০০ টায় ভোট গ্রহন অনুষ্ঠিত হবে, ভোট গ্রহন শেষে গণনাপূর্বক একই দিন দুপুর ২:৩০ টায় ফলাফল অনানুষ্ঠনিকভাবে ঘোষণা করা হবে এবং বিজয়ী প্রার্থীদের নামের তালিকা বিটিএ-র কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে।

৩৩। **অফিস কর্মকর্তাপদে নির্বাচনী ফলাফল সংক্রান্ত আপীল গ্রহণঃ** নির্বাচনী ফলাফল সংক্রান্ত আপীল (যদি থাকে) তা নির্বাচন আপীল বোর্ডে **২৩ ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার** দুপুর ৩:০০ টার মধ্যে লিখিতভাবে দাখিল করতে হবে।

৩৪। **আপীলের রায় ও চূড়ান্ত ফলাফল প্রকাশঃ** নির্বাচনী ফলাফল সংক্রান্ত আপীল (যদি থাকে) নিষ্পত্তি শেষে আপীল বোর্ড গৃহীত সিদ্ধান্ত **২৩ ফেব্রুয়ারী, ২০১৯ শনিবার** বিকাল- ৪:০০ টার মধ্যে নির্বাচন বোর্ডকে লিখিতভাবে অবহিত করবে এবং নির্বাচন বোর্ড চূড়ান্ত ফলাফল একই দিন বিকাল ৪:৩০ টায় প্রকাশ করবেন যা বিটিএ কার্যালয়ের নোটিশ বোর্ডে টানানো হবে।

৩৫। নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৩৬। নির্বাচন অনুষ্ঠানের পূর্বে নির্বাচন সংক্রান্ত বিষয়ে বাণিজ্য সংগঠনের বিধি বা উপবিধিতে সরকার কর্তৃক কোন সংশোধনী বা সংযোজনী প্রজ্ঞাপন আকারে জারি হলে তা নোটিশের মাধ্যমে জানানো হবে।

M. Shahjahan.
(এম. শাহজাহান)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
নির্বাচন বোর্ডের দপ্তর।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো**

১। সম্মানিত সদস্যবৃন্দ/ভোটার/প্রার্থীগণ।
২। নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের সম্মানিত সদস্যগণ।
৩। নোটিশ বোর্ড।